অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পানি ও সিউয়ার সমস্যা দ্বারা প্রভাবিত মাউন্ট ভার্ননের বাসিন্দাদের জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার এখন উপলভ্য আছে বলে ঘোষণা করলেন

মাউন্ট ভার্নন স্বাস্থ্যকর বাসার কর্মসূচি ঘোষণা করলেন এবং পানি অবকাঠামো সঙ্কট দ্বারা প্রভাবিত বাসিন্দাদের সাহায্য করার প্রতিশ্রুতি পালন করলেন

মাউন্ট ভার্ননের ক্ষয়িষ্ণু পানি অবকাঠামোর সমস্যা সমাধানে নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের সম্পূরক

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসের (Governor's Office of Storm Recovery, GOSR) মাউন্ট ভার্নন স্বাস্থ্যকর বাসার পাইলট কর্মসূচি শুরু করা হয়েছে। এই সম্প্রদায়ের দীর্ঘদিনের পানি অবকাঠামো ও জনস্বাস্থ্য সমস্যা সমাধানে নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের সম্পূরক এই 3 মিলিয়ন মার্কিন ডলারের কর্মসূচিটি শুরু করতে কর্মকর্তাগণ প্রভাবিত বাসিন্দাদের সাথে একটি তথ্যমূলক অধিবেশনে আবেদন সম্পর্কিত প্রশ্ন/উত্তরের জন্য একত্রিত হন। অধিবেশনে বাসিন্দারা জানতে পারে যে 3 মিলিয়ন মার্কিন ডলারের আবাসন সুরাহা ও স্থিতিস্থাপকতা পাইলট কর্মসূচির জন্য কীভাবে আবেদন করতে হবে।

"মাউন্ট ভার্ননের কয়েক দশকের পানি ও সিউয়ার অবকাঠামো সমস্যার পর, যা দীর্ঘদিনের সিস্টেমেটিক আবাসন অসমতার কারণে সৃষ্টি হয়েছে, নিউ ইয়র্ক সাহসী পদক্ষেপ নিচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "এই 3 মিলিয়ন মার্কিন ডলারের কর্মসূচিটি মাউন্ট ভার্ননের পানি অবকাঠামোতে আমাদের করা 150 মিলিয়ন মার্কিন ডলারের সম্পূরক, এবং আমরা মাউন্ট ভার্নন সিটিতে আমাদের অংশীদারদের সাথে কাজ করে এইসব সমস্যার বিরুদ্ধে লড়াই করে আমাদের সম্প্রদায়সমূহকে জোরদার করার প্রতিশ্রুতি অব্যাহত রাখবো।"

"পরিষ্কার খাওয়ার পানি এবং সিউয়ার নিষ্কাশন পাওয়ার সুযোগ অতি গুরুত্বপূর্ণ এবং এইসব বিষয়ে নিউ ইয়র্কের মনোযোগ আমাদের স্টেটের বাসিন্দাদের, যারা মাউন্ট ভার্ননের মতো এলাকায় থাকে এবং বর্তমানে পানির খারাপ মান নিয়ে কষ্টে আছে, তাদের পরিষ্কার পানি প্রদান করবে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "বাড়ির মালিকদের নষ্ট হতে থাকা সেপটিক সিস্টেম প্রতিস্থাপন এবং পানির খারাপ মান প্রশমন করার জন্য অতি প্রয়োজনীয় আপগ্রেড করার জন্য আবাসন সুরাহা এবং স্থিতিস্থাপকতা পাইলট কর্মসূচির মাধ্যমে

সহায়তা প্রদান করা হলে আমরা শুধু জনস্বাস্থ্য রক্ষা করবো না বরং পরিবেশের উন্নতিও করবো।"

গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসের নির্বাহী পরিচালক ক্যাটি ব্রেনান বলেন, "সকল নিউ ইয়র্কবাসীর মর্যাদা নিয়ে বাঁচার অধিকার রয়েছে। GOSR-র মাউন্ট ভার্নন পাইলট কর্মসূচিটি দীর্ঘদিনের সিউয়ার সমস্যা এবং বাড়ি ও সম্প্রদায়ে সিসার সংস্পর্শের প্রভাব সমাধান করা শুরু করার একটি তাৎক্ষনিক ধাপ। আমরা মেয়র প্যাটারসন-হাওয়ার্ডের সাথে আমাদের অংশীদারিত্ব অব্যাহত রেখে মাউন্ট ভার্ননের বাসাগুলিকে আরো নিরাপদ ও স্থিতিশীল করার কাজ করতে উন্মুখ।"

এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "অনেক দীর্ঘ সময় ধরে, মাউন্ট ভার্ননের বাসিন্দারা একটি পানি অবকাঠামো সঙ্কট এবং এটি যেই স্বাস্থ্য সমস্যা নিয়ে আসে তার মধ্যে দিয়ে যাচ্ছে।আজকে আমরা মাউন্ট ভার্ননের পানি অবকাঠামোতে বিনিয়োগ করার গভর্নরের প্রতিশ্রুতি পূরণ করছি, পুনর্গঠন প্রক্রিয়া শুরু করার তহবিল উপলভ্য করে এবং সর্বাধিক চাহিদা যাদের সেই বাসিন্দাদের সাহায্য করার মাধ্যমে।আমরা মাউন্ট ভার্নন সিটি এবং সম্প্রদায়ের সাথে আমাদের দৃঢ় অংশীদারিত্ব অব্যাহত রাখতে উন্মুখ যাতে করে বাসিন্দারা যেই পানি অবকাঠামো সমস্যাসমূহের সম্মুখীন হচ্ছে তা চিরতরে ঠিক করার প্রয়োজনীয় সংস্থান প্রদান করা যায়।"

মাউন্ট ভার্ননের মেয়র শন প্যাটারসন-হাওয়ার্ড বলেন, "মাউন্ট ভার্ননে, আমরা জলবায়ু পরিবর্তন সঙ্কটের প্রভাব এবং অনেক দশক ধরে অবহেলিত নষ্ট হতে থাকা অবকাঠামোর প্রভাব সরাসরি ভোগ করছি। আমি নিজের চোখে বন্যা এবং সিউয়ার উল্টো দিকে প্রবাহিত হওয়ার প্রভাব দেখেছি যা আমাদের বয়স্ক মানুষ ও পরিবারসমূহকে বিপর্যস্ত করেছে। সেইজন্য আমাদের দল মাউন্ট ভার্ননের বাড়ির মালিকদের অর্থনৈতিক ত্রাণ প্রদানের জন্য গভর্নর হোকলের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে। এই 3 মিলিয়ন মার্কিন ডলার তহবিলটি সেই পরিবারগুলির জন্য প্রভাবশালী হবে যারা নিজেদের বাড়িতে পরিবেশ সংক্রান্ত বিপদের সুরাহা করছে এবং তাদের সিউয়ার ও পানির ঘটনা থেকে আমরা যেই সমস্যার সম্মুখীন হচ্ছি তার প্রতি আরো স্থিতিস্থাপক বানাবে।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই মাউন্ট ভার্ননের বাসিন্দাদের জন্য, যারা দীর্ঘদিন তাদের বাড়িতে উল্লেখযোগ্য পানি ও সিউয়ার সমস্যা দ্বারা জরাগ্রস্ত হয়েছে, তাদের জন্য অতি প্রয়োজনীয় ত্রাণ প্রদান করার উদ্যোগ গ্রহণের জন্য। স্বাস্থ্যকর বাসা কর্মসূচি শুরু করার ফলে এটি মাউন্ট ভার্ননের পরিবারসমূহকে বর্জ্যপানি বা বন্যার ক্ষতির মেরামত করা, সিউয়েজ উল্টো দিকে প্রবাহিত হওয়া প্রতিরোধক প্রচেষ্টা এবং অন্যান্য পরিবেশ সংক্রান্ত সুরাহা যা তাদের অধিকার এই সব ব্যাপারে অবগত রাখবে। মাউন্ট ভার্ননের অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো পুরনো এবং অতিরিক্ত চাপযুক্ত, এবং স্বাস্থ্যকর বাসা কর্মসূচি পরিশেষে এইসব বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করবে।"

2022 সালের 15 এপ্রিল গভর্নর ক্যাথি হোকল, মাউন্ট ভার্ননের মেয়র শন প্যাটারসন-হাওয়ার্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টির নির্বাহী জর্জ ল্যাটিমার মাউন্ট ভার্ননে 150 মিলিয়ন মার্কিন ডলারের পানি অবকাঠামো বিনিয়োগের ঘোষণা করেন, সাথে অতিরিক্ত 3 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করা হয় শহরের সিউয়ার এবং পানি অবকাঠামো সঙ্কট দ্বারা প্রভাবিত বাসিন্দাদের সহায়তা করার জন্য।GOSR পরিচালিত এবং সবথেকে ঘনঘন প্রভাবিত হওয়া ও উচ্চ ঝুঁকির সম্পত্তিসমূহকে লক্ষ্য করা এই উদ্যোগটি পরিবেশ সম্পর্কিত বিপদ প্রশমন করবে এবং বেসরকারি সম্পত্তিতে স্থিতিস্থাপকতা উন্নয়ন করবে। অংশগ্রহণকারী বাসাগুলি বর্জ্যপানি বা বন্যার ক্ষতি মেরামত, সিউয়েজ উল্টো দিকে প্রবাহিত হওয়া প্রতিরোধক ব্যবস্থা স্থাপন, বাসার পানিতে সিসার অনুপ্রবেশ প্রশমন, এবং পরিবেশ সংক্রান্ত সুরাহার জন্য উপযুক্ত হতে পারে। আগ্রহী বাসিন্দারা stormrecovery.ny.gov/mountvernon ভিজিট করে আরো জানতে পারবে।

সিনেটর চাক শুমার বলেন, "অনেক দীর্ঘসময় ধরে মাউন্ট ভার্ননের বহু বাসিন্দা বিষাক্ত সিউয়েজ নিজেদের বাসায় ফেরত এসে তাদের পানি দূষিত করবে এবং সেই চাপ স্থানীয় করদাতাদের উপর এসে পড়বে এই ভয়ে বাস করছে। আমি দ্বিপক্ষীয় অবকাঠামো ও কর্মসংস্থান আইনে (Bipartisan Infrastructure & Jobs Law) ঐতিহাসিক পরিষ্কার পানির তহবিল নিশ্চিত করেছি যাতে করে মাউন্ট ভার্ননের মতো প্রকল্পগুলির কাজ অবশেষে শুরু হতে পারে, এবং আমি এই সিউয়েজ সঙ্কট শেষ করতে গভর্নর হোকলের দৃঢ় অঙ্গীকারের জন্য তার প্রশংসা করছি। মাউন্ট ভার্ননের কাছে যাতে শহরের দীর্ঘদিনের চাহিদা ও প্রাপ্য সিউয়ার ব্যবস্থা থাকে তা নিশ্চিত করার জন্য সকল ফেডারেল সমর্থন থাকে তা নিশ্চিত করতে আমি জোর লড়াই করতে থাকবো।"

প্রতিনিধি জামাল বোম্যান বলেন, "বাসিন্দাদের মাউন্ট ভার্নন স্বাস্থ্যকর বাসা পাইলট কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য আবেদন গ্রহণ করার এটিই সাহায্যকারী এবং প্রাসঙ্গিক সময়। এই সপ্তাহের প্রথম দিকে, ওয়েস্টচেস্টার কাউন্টি এবং NYC আরেকটি চরম বৃষ্টিঝড় দেখেছে যার ফলে বন্যা হয়েছে এবং মানুষের বাড়ি, স্কুল ও কাজের ক্ষেত্রে ক্ষতি হয়েছে। আমাদের বাসা, রাস্তা, এবং হাইওয়েগুলি আমরা ক্রমাগত এখন যেই আবহাওয়ার মুখোমুখি হচ্ছি, তা সামলানোর জন্য বানানো হয়নি। নিউ ইয়র্ক স্টেট এবং মাউন্ট ভার্নন জলবায়ু পরিবর্তনের চরম আবহাওয়া দ্বারা প্রভাবিত কিছু বাসার অতি প্রয়োজনীয় মেরামতের জন্য পদক্ষেপ গ্রহণ করছে এবং একই সাথে শহরের পানি ও সিউয়েজ অবকাঠামোর উন্নয়ন করছে যাতে করে আগামী দিনে কম ক্ষয়ক্ষতি হয়। আমরা এই পরিবর্তনগুলি করতে আরো অপেক্ষা করতে পারছি না, এবং আমি আশা করি যে বাসিন্দারা এই সুযোগটি গ্রহণ করে পাইলট কর্মসূচির জন্য আবেদন করবে।"

স্টেট সিনেটর জামাল বেইলি বলেন, "ঐতিহাসিক এই উদ্যোগটি একটি নিরাপদতর, আরো স্বাস্থ্যকর এবং আরো স্থিতিস্থাপক শহর গঠনের জন্য গুরুত্বপূর্ণ প্রথম ধাপ। অনেক বেশি সময় ধরে, মাউন্ট ভার্ননের পানি ও সিউয়েজ ব্যবস্থা বহু দশকের বিনিয়োগহীনতা ও অবহেলা দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে। নবায়নকৃত তহবিল দিয়ে, এই পাইলট কর্মসূচিটি সবথেকে বেশি ঘনঘন প্রভাবিত হওয়া এবং উচ্চ ঝুঁকির বাসাগুলির মেরামত কাজ অগ্রসর করবে বন্যার ক্ষতি, সিউয়েজ উল্টো দিকে প্রবাহিত হওয়া, এবং সিসার অনুপ্রবেশ থেকে এবং একই সাথে আমাদের

সিস্টেমগুলিকে ভবিষ্যৎ প্রজন্মের জন্য আধুনিক করবে। ধন্যবাদ গভর্নর ক্যাথি হোকল এবং মাউন্ট ভার্ননের মেয়র শন প্যাটারসন-হাওয়ার্ডকে আমাদের সম্প্রদায়ের প্রয়োজনে সাড়াদানের জন্য এবং মাউন্ট ভার্ননের পুনরুজ্জীবনের চলমান অঙ্গীকারের জন্য।"

অ্যাসেম্বলি সদস্য জে গ্যারি প্রেটলো বলেন, "মাউন্ট ভার্নন স্বাস্থ্যকর বাসা কর্মসূচিটি আমাদের শহরের অনেক বাড়ির মালিকের জন্য অতি প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।আমাদের অবকাঠামোর বর্তমান অবস্থা আমাদের বহু পরিশ্রমী নাগরিকের বাড়িতে ক্রমাগত চরম ক্ষতির কারণ হয়েছে এবং আমাদেরকে যেই ক্ষতি আমাদের মহান শহরকে জরাগ্রস্ত করছে তা শেষ করতে সকল প্রয়োজনীয় সংস্থান প্রদান করতে হবে।"

গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিস সম্পর্কে
2013 সালের জুন মাসে স্থাপিত হওয়া GOSR সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন, এবং ক্রান্তীয় ঝড় লি থেকে স্টেটব্যাপী পুনরুদ্ধার প্রচেষ্টার সমন্বয় করে। GOSR এর নিউ ইয়র্ক রাইজিং আবাসন পুনরুদ্ধার (NY Rising Housing Recovery), ক্ষুদ্র ব্যবসা, সম্প্রদায় পুনর্গঠন, অবকাঠামো, এবং নকশা দ্বারা পুনর্গঠন (Community Reconstruction, Infrastructure, and Rebuild by Design) কর্মসূচিসমূহের মাধ্যমে ফেডারেল সম্প্রদায় বিকাশের ব্লক অনুদান-দুর্যোগ পুনরুদ্ধার (Community Development Block Grant-Disaster Recovery) তহবিল হিসেবে 4.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে, চরম আবহাওয়ার ঘটনায় নিউ ইয়র্ককে আরো ভালোভাবে প্রস্তুত রাখার জন্য।

এছাড়াও GOSR মাউন্ট ভার্নন স্বাস্থ্যকর বাসার মতো স্থিতিস্থাপকতা উদ্যোগ বাস্তবায়ন করতে কমিউনিটি ডেভেলোপমেটন ব্লক গ্রান্ট-করোনাভাইরাস তহবিল ব্যবহার করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন